১৭ বছর বুকে পাথর বেঁধে যারা দল করেছে,তাদের মূল্যায়ন করতে হবে : বুলবুল

চেম্বার ডেস্ক: জিয়া মঞ্চ কেন্দ্রীয় নির্বাহী কমিটির সহ-সভাপতি, সিলেট বিভাগীয় টিম প্রধান রোটারিয়ান শাহজাহান সেলিম বুলবুল পিএইচএফ বলেছেন, বিএনপি যখন ক্ষমতায় ছিলনা, তখন যারা নির্যাতন ও কষ্ট সহ্য করেছে, ১৭ বছর বুকে পাথর বেঁধে যারা দল করেছে, সেই সব ত্যাগী নেতাকর্মীদের দলে মূল্যায়ন করতে হবে। তবেই তৃণমূল পর্যায়ে দল সুসংগঠিত হবে। তিনি আরও বলেন, বিএনপি খেটে খাওয়া মানুষের দল, এ দলে সুযোগ সন্ধানীদের কোনো স্থান নেই। যারা দলের জন্য নিবেদিত, তারাই দলীয়ভাবে পদ-পদবিতে স্থান পাবেন। অনুপ্রবেশকারীদের চিহ্নিত করে বিতাড়িত করা হবে। ভাইয়ের রাজনীতি না করে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের আদর্শের রাজনীতি করতে হবে। অনুপ্রবেশকারীদের নিয়ে তিনি বলেন, এক শ্রেণীর লোক বিএনপিকে নিরাপদ স্থান হিসেবে ব্যবহার করতে দলে ঢুকে পড়ছে। যারা অপকর্মে লিপ্ত, অবৈধ আয়ের পথে রয়েছে, তারাই অবৈধ আয়ের টাকা রক্ষা করতে মরিয়া, মূলত তারাই দলে অনুপ্রবেশকারী। এদের থেকে সবাইকে সতর্ক থাকতে হবে।

তিনি রবিবার (২২ ডিসেম্বর) বিকেল ২টায় জিয়া মঞ্চ সিলেট বিভাগীয় নেতৃবৃন্দের সাথে মতবিনিময় সভায় দিকনির্দেশনামূলক বক্তব্যে উপরোক্ত কথা বলেন।
সিলেট জেলা জিয়া মঞ্চ এর আহবায়ক মোঃ সাহেদ আহমদের সভাপতিত্বে ও মহানগর জিয়া মঞ্চ এর সদস্য সদস্য সচিব সৈয়দ রাজন আহমদ এর পরিচালনায় অনুষ্ঠিত সভায় উপস্থিত ছিলেন ও বক্তব্য রাখেন সুনামগঞ্জ জেলা জিয়া মঞ্চ এর আহবায়ক সুলতান মোহাম্মদ সবুজ, মৌলভীবাজার জেলার আহবায়ক ইলিয়াস কবির শাহীন, সুনামগঞ্জ জেলা জিয়া মঞ্চ এর সিনিয়র যুগ্ম আহবায়ক আজাদ হোসেন, যুগ্ন আহ্বায়ক আমিনুল হক, সিলেট জেলার সদস্য সচিব মোঃ মস্তাক আহমদ, মৌলভীবাজার জেলার সদস্য সচিব মোঃ ছাব্বির আহমেদ, মহানগর যুগ্ম আহবায়ক মোঃ কামিল আহমদ, সিলেট জেলা যুগ্ম আহবায়ক মোঃ আমির আলী, দুলাল আহমদ, সদস্য সুজন মিয়া, সুনামগঞ্জ জেলা জিয়া মঞ্চ এর সদস্য শামীম আহমদ, মোঃ দেলোয়ার রহমান, মোঃ আলী হাসান, মোঃ নবিন নুর, মোঃ লিংকন আহমেদ প্রমুখ।